গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(এপিএ সেল)
www.rdcd.gov.bd

০১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ।

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.০৫.০১০.১৯.১৪ তারিখ : ................................
১৫ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভার কার্যবিবরণী এবং প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/১৯)-এর অর্জন সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভা গত ১২/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

এমতাবস্থায়, নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভার কার্যবিবরণী এবং অত্র বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/১৯) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ১৪ (চৌদ্দ) পাতা;

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ ২য় কোয়ার্টার প্রতিবেদন (১-০৯ পাতা)।
২। নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী (০২ পাতা)।
৩। ফিডব্যাক সভার কার্যবিবরণী (০৩ পাতা)।

১৫/০১/২০২০
(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫৭০

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃ: আ: খন্দকার সাদিয়া আরাফিন, উপসচিব,)
প্রশাসনিক সংস্কার অধিশাখা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়র সদয় অবগতির জন্য)।
০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
০৪। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল আহসান, |
| তারিখ | : | ১২/০১/২০২০ খ্রি: |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ। |

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট -'ক'-তে দেয়া হলো।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ২য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা ১২/০১/২০২০ খ্রি: তারিখে ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক'-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর টিম প্রধান মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

**আলোচনা :**

NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের পরিবীক্ষন ছক মোতাবেক ২য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৯-২০ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। এ বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সূচক নং-৩.১,৩.২,৯.৫ এর দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। গত ২৩/১২/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সভা অনুষ্ঠিত হয়েছে উক্ত সভায় এবিভাগের সূচক নং-৯.১ সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন, ৯.৪ দুধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদন বাজারজাত করণ কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং সূচক নং-৯.৩ সকল শাখার ই-নথি ব্যবহার পরিবর্তন করে অন্য একটি সূচক সংযোজনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়াও সমবায় অধিদপ্তরের সূচক নং-১.১,১.২,২.১,২.২,৬.২,৬.৩,৭.২,৮.৬, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) সূচক নং-৪.৫, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া সূচক নং-৬.২,৭.২, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লা সূচক নং-২.৪,৬.২,৭.২,৮.৪,৯.৪, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) সূচক নং-৩.১,৬.২,৭.২,৯.৩, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এস.এফ.ডি.এফ) সূচক নং-৬.২,৯.৪,৯.৫, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পি.ডি.বি.এফ) ৩.১, মিল্কভিটা,১.২,৭.২,১১.১ কার্যক্রমের সংশোধনের বিষয়ে সভায় আলোচনা হয় এবং সংশোধনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বিগত ০৬/১০/২০১৯ তারিখের সভার ক-চ ক্রমিকের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে।

অতঃপর সচিব মহোদয় অবহিত করেন যে, এবিভাগের এপিএ টিমের সদস্যদেরকে দপ্তর/সংস্থার কার্যক্রম সার্বক্ষনিক মনিটরিং করতে হবে। তিনি আরো জানান, ইজিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং তিনি নথি বিনষ্ট করণের বিষয়ে কমিটি গঠনের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি দপ্তর/সংস্থার মাঠপর্যারের সকল কর্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংস্থার প্রধানদেরকে মনিটরিং কার্যক্রম জোরদার করণের নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় নিম্নে উল্লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তাবায়ন বিষয়ে এ বিভাগের কমর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা হয়েছে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ টার্গেট অনুযায়ী পরিদর্শন করেছেন কিনা? সে বিষয়ে তথ্যাদিসহ নথি উপস্থাপন করতে হবে।

২) ইজিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করতে হবে।

৩) নথি বিনষ্ট করণের জন্য কমিটি গঠন করতে হবে।

৪) প্রতি তিন (০৩) মাস পরপর পরিদর্শনের অর্জন সচিব মহোদয়কে অবহিত করতে হবে।

৫) দপ্তর/সংস্থার মাঠপর্যারের সকল কর্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংস্থার প্রধানদেরকে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।

৬) এবিভাগের এপিএ টিমের সদস্যগণ দপ্তর/সংস্থার কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন।

৭) এবিভাগের সূচক নং-৯.১ সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন, ৯.৪ দুধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদন বাজারজাত করণ কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং বিষয়ে ব্যাখ্যা সংযোজন করতে হবে।

৮) সূচক নং-৯.৩ সকল শাখার ই-নথি ব্যবহার পরিবর্তন করে কর্মক্ষেত্রে শুদ্ধাচার বাস্তাবায়ন এবং দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ক সেমিনার সংযোজন করা যেতে পারে।

৯) ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ২য় কোয়ার্টারের ঘাটতিসহ ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।

২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/২/2020

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল আহসান,<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | : | ১২/০১/২০২০ |
| সময় | : | ১০.৪৫ ঘটিকা। |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ |

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট -'ক'-তে দেয়া হলো।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ২য় কোয়ার্টার এর অগ্রগতি বিষয়ক ফিডব্যাক সভা ১২/০১/২০২০ তারিখে ১০.৪৫ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক'-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর টিম প্রধান মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

**আলোচনা :**

জাতীয় শুদ্ধাচার কৌশল-এর টিম প্রধান মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর লক্ষ্যমাত্রা ও অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার অক্টোবর-ডিসেম্বর পর্যন্ত ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়।

পর্যালোচনান্তে নিম্নলিখিত বিষয়সমূহে নির্দেশনা প্রদান করা হয় :

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম | প্রতিবেদন প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। | | ৩.১ জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০১১ সংশোধন বিষয়ে গৃহীত কার্যক্রম গ্রহণ করতে হবে। (অতিরিক্ত সচিব, প্রশাঃ,বাঃ)<br>৩.২ জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা ২০১২ সংশোধনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। (প্রতিষ্ঠান)<br>৯.৫ দপ্তর/সংস্থাসমূহের ঋণ কার্যক্রম মনিটরিং এর জন্য সফটওয়্যার প্রস্তুতকরণের সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (আইসিটি ইউনিট)<br>১০.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>* প্রকল্প পরিদর্শনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)<br>* সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) |

| | | | |
|---|---|---|---|
| ০২। | সমবায় অধিদপ্তর | ০৫/০১/২০২০খ্রিঃ | ১.১ নৈতিকতা কমিটির সভার সংখ্যা অর্জনের ঘরে উল্লেখ করা হয়নি।<br>১.২ কিন্তু ১.২ তে অর্জনের ঘরে দেখানো হয়েছে ৯০% বাস্তবায়িত হয়েছে।<br>২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার সংখ্যা অর্জনের ঘরে উল্লেখ নেই।<br>২.২ কিন্তু ১.২ তে অর্জনের ঘরে দেখানো হয়েছে ৮০% বাস্তবায়িত হয়েছে।<br>৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি লক্ষ্যমাত্রা ২৫% দেখানো হয়েছে কিন্তু অর্জনের ঘরে কোন % দেখানো হয়নি।<br>৬.৩ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে এককের ঘরে তারিখ উল্লেখ রয়েছে কিন্তু লক্ষ্যমাত্রায় সংখ্যা লেখা হয়েছে।<br>৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন লক্ষ্যমাত্রা ছিল ২৫% কিন্তু অর্জনের ঘরে দেখানো হয়েছে বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন লক্ষ্যমাত্রা ছিল ৩ কিন্তু অর্জিত হয়েছে ২।<br>* সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৩। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | ০৫/০১/২০২০খ্রিঃ | ৪.৫ এককের ঘরে আছে সংখ্যা কিন্তু লক্ষ্যমাত্রা ও অর্জন ঘরে দেখানো হয়েছে তারিখ।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৪। | পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া | ০৫/০১/২০২০খ্রিঃ | ৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি লক্ষ্যমাত্রা ছিল ৫০% কিন্তু অর্জিত হয়েছে ৪০%।<br>৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন। লক্ষ্যমাত্রা ছিল ৮০% কিন্তু কোন অর্জন দেখানো হয়নি।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৫। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, (বার্ড) কুমিল্লা। | ০৫/০১/২০২০খ্রিঃ | ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে লক্ষ্যমাত্রা ছিল ৩০ কিন্তু অর্জন দেখানো হয়েছে ৪২৯।<br>৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি। লক্ষ্যমাত্রা ছিল ২৫% কিন্তু অর্জন দেখানো হয়েছে ২০%।<br>৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন। লক্ষ্যমাত্রা ছিল ২০% কিন্তু কোন অর্জন দেখানো হয়নি।<br>৮.৪ সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ।<br>লক্ষ্যমাত্রা ছিল ৩০% কিন্তু অর্জন দেখানো হয়েছে ২০%।<br>৯.৪ নৈতিকতা সম্পর্কিত পোস্টার প্রদর্শন। লক্ষ্যমাত্রা ছিল ৫ কিন্তু অর্জন দেখানো হয়েছে ৪।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৬। | বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড)। | ০১/০১/২০২০খ্রিঃ | ৩.১ এককের ঘরে সংখ্যা রয়েছে মূলত তারিখ হবে।<br>৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি। লক্ষ্যমাত্রা ছিল ২৫% কিন্তু অর্জন দেখানো হয়েছে ২০%।<br>৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন। লক্ষ্যমাত্রা ছিল ২৫% কিন্তু কোন অর্জন দেখানো হয়নি।<br>৯.৩ ই-ফালিং চালুকরণ। লক্ষ্যমাত্রা ছিল ১০% কিন্তু ৫% অর্জিত হয়েছে।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৭। | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এস.এফ.ডি.এফ) | ০২/০১/২০২০খ্রিঃ | ৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি। লক্ষ্যমাত্রা ছিল ৬৫% কিন্তু অর্জন দেখানো হয়েছে ৪৮.৫০%।<br>৯.৪ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ বিষয়ক পোস্টার/লিফলেট তৈরি ও বিলির ব্যবস্থাকরণ। লক্ষ্যমাত্রা ছিল ৩৫০০০ কিন্তু কোন অর্জন |

| | | | |
|---|---|---|---|
| | | | দেখানো হয়নি।<br>৯.৫ ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ। লক্ষ্যমাত্রা ছিল ৫৭ কিন্তু অর্জন দেখানো হয়েছে ৫০।<br><br>* সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৮। | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পি.ডি.বি.এফ) | ০৩/০১/২০২০খ্রিঃ | ৩.১ পিডিবিএফ এর ঋণ পরিচালনা নীতিমালা প্রনয়ণ। লক্ষ্যমাত্রা ছিল ৩১.১২.২০১৯ কিন্তু কোন অর্জন দেখানো হয়নি।<br>* সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৯। | মিল্কভিটা | ০২/০১/২০২০খ্রিঃ | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। লক্ষ্যমাত্রা ছিল ১০০ কিন্তু অর্জন দেখানো হয়েছে ৮০।<br>৭.২ ই-টেন্ডারে মাধ্যমে ক্রয় কার্যে লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টারে ছিল ১০% এবং ২য় কোয়ার্টারে ছিল ১০% কিন্তু কোন কোয়ার্টেরেই অর্জন নাই।<br>১১.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ। ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ছিল ১.০০ এবং ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ছিল ১.০০ কিন্তু কোন কোয়ার্টেরে অর্জন দেখানো হয়নি।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |

০২। সভায় ১ নং অনুচ্ছেদে প্রদর্শিত ছকের ৪নং কলামে উল্লিখিত মন্তব্যসমূহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সংস্থা প্রধানদেরকে অবহিত করা হয়। একইসঙ্গে উল্লিখিত মন্তব্য/ত্রুটিসমূহ সংশোধন এবং প্রযোজ্য সকল অর্জনের স্বাপক্ষে নির্ধারিত সময়ের মধ্যে প্রমানকসমূহ এবিভাগে প্রেরণের জন্য বলা হয়।

সিদ্ধান্তঃ

ক) এবিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা প্রধানগণ তাদের এনআইএস কর্মপরিকল্পনার উপর মন্তব্য/ত্রুটি সংশোধনের জন্য জরুরী কার্যক্রম গ্রহণ করবেন।

খ) সকল দপ্তর/সংস্থার প্রধানগণ আগামী ১৫/০১/২০২০ তারিখের মধ্যে এনআইএস লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের প্রমানকসমূহ এবিভাগে প্রেরণ করবেন।

গ) যেসকল লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় কোয়ার্টার পর্যন্ত অর্জনের ঘাটতি রয়েছে তা ৩য় কোয়ার্টারে পূরণের জন্য সংশ্লিষ্ট সকলকে জরুরী কার্যক্রম গ্রহণ করতে হবে।

ঘ) এবিভাগের যেসকল কর্মকর্তা পরিদর্শন বিষয়ে ২য় কোয়ার্টার পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেননি তাদেরকে ৩য় কোয়ার্টার পর্যন্ত অতীতের ঘাটতি পূরণসহ পরিদর্শনের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

ঙ) পরিদর্শনের বিষয়ে এবিভাগের উপ-প্রধানের লক্ষ্যমাত্রা প্রত্যহার পূর্বক তা অন্যান্য কর্মকর্তাদের মধ্যে পূর্ণবন্টন করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১/২০২০

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ